

## জীবন বৃত্তান্ত



জনাব ভুঁগা মোহাম্মদ রেজাউর রহমান এর জন্ম জুন ১৯৮০ সালে কুমিল্লা জেলায়। তাঁর পিতার নাম মোঃ হেদায়েত উল্লা ভুঁগা ও মাতার নাম রোকেয়া বেগম। তিনি ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ হতে এস.এস.সি. এবং এইচ.এস.সি. সম্পন্ন করে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি Chartered Institute of Procurement and Supply (CIPS), UK থেকে MCIPS হয়েছেন। এছাড়া তিনি সিডনি, অস্ট্রেলিয়া থেকে Transport Management এর উপর উচ্চতর ডিগ্রি লাভ করেন।

তিনি ২১ আগস্ট ২০০৬ তারিখে বিসিএস (ইকনমিক) ক্যাডারে পরিকল্পনা কমিশনে সহকারী প্রধান হিসেবে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি দুর্নীতি দমন কমিশন, পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ এবং পরিকল্পনা বিভাগের সচিবের একান্ত সচিব পদে দায়িত্ব পালন করেন। তিনি গত ০৫ জুলাই ২০১৭ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড, মালেয়শিয়া, ভারতসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং এক পুত্র সন্তানের জনক।